

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি

পারনান্দুয়ালী, মাগুরা।

টেলিফোন :
অফিস : ০২-৪৭৭৭১০৭৪৪
মোবাইল : ০১৭৬৯৪০০০৪৬
ফ্যাক্স নং : ০৪৮৮-৬২০৫৮
ই মেইল-magurapbs_gm@yahoo.com



স্মারক নং- ২৭.১২.৫৫৫৭.৫৫১.০৭.০২২.২০. ৩৭৬)

তারিখঃ- ২৬ অক্টোবর ২০২৩খ্রিঃ
১০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ

“ দরপত্র বিজ্ঞপ্তি ”

১৯ মাগুরা পবিস এর তালিকাভুক্ত স্থায়ী পূর্বযোগ্যতাপ্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হতে পবিস নির্দেশিকা ১০০-৪১/৪২ এর আওতায় নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ, ফিডারের লোড ব্যালেন্সিং, ট্রান্সফরমার ও অন্যান্য ইকুইপমেন্ট আপগ্রেডিং/অপসারণ প্রভৃতি কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২৯ দরপত্রের বিবরণঃ

নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ, ফিডারের লোড ব্যালেন্সিং, ট্রান্সফরমার ও অন্যান্য ইকুইপমেন্ট আপগ্রেডিং/অপসারণ প্রভৃতি কাজ।

ক্রঃনং	দরপত্র দলিলের (প্যাকেজ) নম্বর	কাজের বিস্তারিত বিবরণ	প্রাক্কলিত মূল্য	আর্নেস্ট মানির পরিমাণ (টাকা)	কাজের মেয়াদ	দরপত্রদলিলের বিক্রয় মূল্য (অফেরৎযোগ্য)
০১	৪০,২০২৩/২০২৪	নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ,নষ্ট পোল পরিবর্তন।	৫,০০০০০.০০	১৫০০০.০০	৬০দিন	১০০০/-
০২	৪১,২০২৩/২০২৪	নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ,নষ্ট পোল পরিবর্তন।	৫,০০০০০.০০	১৫০০০.০০	৬০দিন	১০০০/-
০৩	৪২,২০২৩/২০২৪	নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ,নষ্ট পোল পরিবর্তন।	৫,০০০০০.০০	১৫০০০.০০	৬০দিন	১০০০/-
০৪	৪৩,২০২৩/২০২৪	নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ,নষ্ট পোল পরিবর্তন।	৫,০০০০০.০০	১৫০০০.০০	৬০দিন	১০০০/-

৩৯ দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা থেকে ২৬/১০/২০২৩খ্রিঃ হতে ০৮/১১/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন নিজস্ব লেটারহেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ১০০০.০০(এক হাজার) টাকা নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

৪৯ পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সমদরে অথবা সর্বোচ্চ ৫% নিম্ন দরে দাখিল করা যাবে।

৫৯ প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্ণিত আর্নেস্ট মানি ৩.০০% (শতকরা তিন ভাগ) হারে জেনারেল ম্যানেজার মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবোর্ড অথবা যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। প্রয়োজনীয় আর্নেস্ট মানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

৬৯ দরপত্র আগামী ০৯/১১/২০২৩ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসতে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক অত্র দপ্তরে খোলা হবে।

৭৯ উক্ত দর সরকারী নিয়ম মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন করসহ উক্ত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা হলে সেই দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৮৯ প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের বাপবিবোর্ডের প্রশিক্ষণপ্রাপ্ত পর্যাপ্ত সংখ্যক সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে। দরপত্র দাখিলের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুপারভাইজার, লাইনম্যানের নিয়োগপত্র ও যোগদান পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৯৯ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ১ম, ২য় ও ৩য় দরদাতা নির্ধারণ করবেন।

১০৯ সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের (ক্রোজ-আউটসহ) পর প্রয়োজনীয় সকল দলিলাদিসহ বিল দাখিল করতে হবে। প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।


১১৯ ডকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

(Signature)

১২। শুধুমাত্র ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য সাময়িক/স্থায়ী পূর্বযোগ্যতা নবায়নের জন্য আবেদনকারী মিনি ঠিকাদারগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।


১৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন করা না হলে কার্যাদেশ প্রদান করা হবে না। সর্বনিম্ন দরদাতা হলেও কার্যাদেশ প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


26.10.23
(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ -

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
 - ০২। নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, বিনাইদহ।
 - ০৩। এজিএম (অর্থ/পওর), মাগুরা পবিস।
 - ০৪। এজিএম (আইটি), মাগুরা পবিস। (দরপত্র বিজ্ঞপ্তি সমিতির ওয়েব সাইডে প্রচার করুন)
 - ০৫। সহকারী প্রকৌশলী, বিএডিসি, মাগুরা।
 - ০৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো বিভাগ, মাগুরা।
 - ০৭। ক্যাশিয়ার, মাগুরা পবিস।
 - ০৮। মেসার্স
 - ০৯। নোটিস বোর্ড মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি।
 - ১০। অফিস নথি / মাস্টার ফাইল।
- নির্ধারিত সময়ে উপস্থিত থাকিয়া দরপত্র খোলা ও মূল্যায়নের জন্য অনুরোধ করা হইল।


26.10.23
(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার